# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান— ৭০

**ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল** | বিষয় কোড : ১ ৫ ২

*[দ্রষ্টব্য : ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

## ক বিভাগ: ফিন্যান্স

**১.▶** জনাব গোলাম মোস্তফা ১,০০,০০০ টাকা বাংলা ব্যাংকে জমা রাখে। ব্যাংক তাকে অর্ধবার্ষিক চক্রবৃদ্ধিতে ১০% হারে সুদ দেয়। কিন্তু তার বন্ধু জালাল উদ্দিন পূর্বা ব্যাংক থেকে একই হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদ পায়।

ক. বাট্টাকরণ কীসের বিপরীত প্রক্রিয়া? ১

খ. প্রকল্প মূল্যায়ন ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. গোলাম মোস্তফার প্রকৃত সুদের হার নির্ণয় করো। ৩

ঘ. জালাল উদ্দিনের প্রাপ্ত সুদের হার কী মোস্তফা থেকে বেশি? গাণিতিকভাবে উপস্থাপন করো। ৪

**২.▶** আর্থিক বিবরণী থেকে প্রাপ্ত মিনি লি.-এর ৩ বছর মেয়াদি একটি প্রকল্পের কিছু তথ্য নিম্নরূপ–

| | বছর ১ | বছর ২ |
|---|---|---|
| বিক্রয় | ১০,০০,০০০ | ২৫,০০,০০০ |
| চলতি ব্যয় (কাঁচামাল + মজুরি + বিদ্যুৎ বিল) | ৩,৫০,০০০ | ৮,০০,০০০ |
| স্থায়ী ব্যয় (ভাড়া) | ১,০০,০০০ | ১,৫০,০০০ |
| অবচয় | ৬,০০,০০০ | ৬,০০,০০০ |
| **মুনাফা / ক্ষতি** | (৫০,০০০) | ৯,৫০,০০০ |
| কর ৩০% | (১৫,০০০) | ২,৮৫,০০০ |
| **নিট মুনাফা/ ক্ষতি** | (৩৫,০০০) | ৬,৬৫,০০০ |

প্রকল্পের জন্য ১৮,০০,০০০ টাকায় একটি মেশিন কেনা হয়েছিল।

ক. পে-ব্যাক সময় নির্ণয় করার সূত্রটি কী? ১

খ. প্রতিস্থাপন বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. মিনি লি.-এর প্রকল্পটির নগদ প্রবাহ নির্ণয় করো। ৩

ঘ. মিনি লি.-এর প্রকল্পটিতে প্রথম বছরে ক্ষতি হওয়া সত্ত্বেও কর ধার্য করার কারণ বিশ্লেষণ করো। ৪

**৩.▶** জনাব আশরাফ তার কনফেকশনারী শপ চালানোর জন্য জয়ীতা ব্যাংক থেকে ৫ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। ব্যাংককে ১৬% হারে সুদ দিতে হবে। বছরান্তে উক্ত শপ থেকে আশরাফ সাহেব ১৮% হারে আয় করেন। তার এ আয়ের জন্য তাকে ১১% হারে কর প্রদান করতে হবে।

ক. মূলধন ব্যয় নির্ণয়ের সহজ পদ্ধতি কোনটি? ১

খ. কীভাবে অগ্রাধিকার শেয়ারের ব্যয় নিরূপণ করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আশরাফের মূলধন খরচ কত হবে নির্ণয় করো। ৩

ঘ. উপরি-উক্ত আলোচনায় যদি করহার বেড়ে ১৪% হয় তবে মূলধন খরচ কী প্রভাবিত হবে? মতামত দাও। ৪

Teachingbd.com

৪.▶ মি. আজিজ একজন সমাজসেবক। তিনি অবসর ভাতা দিয়ে এতিম শিশুদের জন্য একটি স্কুল প্রতিষ্ঠা করেছেন। বিনামূল্যে শিশুদের খাওয়া ও পড়াশুনার ব্যবস্থা করতে গিয়ে তিনি আর্থিক সংকটের সম্মুখীন হন। অর্থসংস্থানের জন্য তিনি বিভিন্ন উৎসের আশ্রয় নিলেন। ফলে তার প্রতিষ্ঠানটি এখন সঠিকভাবে পরিচালিত হচ্ছে।

ক. কাঁচামাল ক্রয়ে কোনটির ব্যবহার ঘটে? ১
খ. বিনিয়োগ সিদ্ধান্ত বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. মি. আজিজ কোন ধরনের প্রতিষ্ঠানের সাথে জড়িত? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. আজিজ কীভাবে স্কুলের অর্থায়ন করবেন তা বিশ্লেষণ করো। ৪

৫.▶ মিসেস সালমা বেগম একটি কোম্পানির কর্মকর্তা। তিনি তার এক অফিস কর্মকর্তার পরামর্শে প্রাথমিক শেয়ার ক্রয়ের জন্য আবেদন করেন। এখন তিনি শেয়ার ক্রয় করে কোম্পানির মালিক হয়ে কোম্পানির পরিচালনা পর্ষদও নির্বাচন করতে পারবেন।

ক. শেয়ার কী? ১
খ. শেয়ারহোল্ডার বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. মিসেস সালমা কোন ধরনের কোম্পানির শেয়ার ক্রয় করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'মিসেস সালমার কোম্পানির অস্তিত্ব চিরন্তন' বিষয়টি মূল্যায়ন করো। ৪

৬.▶ টু-স্টার কর্পোরেশন একটি পাবলিক লিমিটেড কোম্পানি। মানসম্মত পণ্য ও সেবা সরবরাহ করায় কোম্পানিটির মুনাফা বেড়েই চলেছে। ২০১২ অর্থ বছরে কোম্পানিটি এক কোটি টাকা নিট মুনাফা অর্জন করেছে। কোম্পানিটি শেয়ারহোল্ডারদের মধ্যে ৫০ লক্ষ টাকা লভ্যাংশ হিসেবে বণ্টন করল, ২৫ লক্ষ টাকা ব্যবসায় বিনিয়োগ করল এবং অবশিষ্ট টাকা দিয়ে একটি বিশেষ তহবিল সৃষ্টি করল।

ক. শেয়ার বিক্রয় কোন মেয়াদি অর্থায়ন? ১
খ. ব্যবসায় অর্থায়ন বলতে কী বোঝ? ২
গ. টু-স্টার কর্পোরেশনের মুনাফা ২৫ লক্ষ টাকা ব্যবসায়ে বিনিয়োগকে কী বলে? ব্যাখ্যা করো। ৩
ঘ. টু-স্টার কর্পোরেশনের বিশেষ তহবিল সৃষ্টি কতটা যৌক্তিক বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

## খ বিভাগ: ব্যাংকিং

৭.▶ বাংলা ব্যাংক অন্যান্য বছরের ন্যায় এ বছরও উচ্চ মাধ্যমিক শ্রেণির অসচ্ছল পরিবারের ছাত্রীদের বৃত্তি প্রদানের উদ্দেশ্যে সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়েছে। শুধু তাই নয় বিভিন্ন ধরনের নতুন সেবা ও পণ্য সৃষ্টির মাধ্যমেও তারা ব্যাংকিং সেবা সহজ করেছে।

ক. আন্তর্জাতিক ব্যাংক কাকে বলে? ১
খ. সঞ্চয়ী ব্যাংক বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. বৃত্তি প্রদানের মাধ্যমে বাংলা ব্যাংক মালিক ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রেক্ষাপটে কোন উদ্দেশ্য পালন করেছে? বর্ণনা করো। ৩
ঘ. গ্রাহকদের জন্য বাংলা ব্যাংক কীভাবে ব্যাংকিং সেবা সহজ করে দিয়েছে বলে তুমি মনে করো? ৪

৮.▶ সজল প্রতিদিন রাতে দাদুর কাছে পুরনো দিনের গল্প শোনে। দাদু কড়ি, পাথর, হাঙরের দাঁত ইত্যাদি যে টাকা হিসেবে ব্যবহৃত হতো তার গল্প করে। এমনকি এক সময় স্বর্ণ-রূপাও মুদ্রা ছিল তাও বলেন। কিন্তু কিছু সমস্যার

teachingbd.com

কারণে এসবের বিকল্প বিনিময় মাধ্যম আবির্ভূত হয়। সজল মুদ্রা ব্যবস্থার এ গতিশীল পরিবর্তনের কথা শুনে অভিভূত হয়।

ক. কোন শতাব্দীতে কাগজি মুদ্রার প্রচলন হয়? ১

খ. অর্থকে সঞ্চয়ের ভাণ্ডার বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. দাদু বিনিময় মাধ্যম হিসেবে প্রথমে কীসের ব্যবহারের কথা উল্লেখ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিকল্প ব্যবস্থার প্রচলনের পেছনে দাদু কোন সমস্যার কথা বলেছেন? বিশ্লেষণ করো। ৪

৯.▶ প্রিতম বাবার লেখা চেক ভাঙানোর জন্য প্রায়ই ব্যাংকে যায়। ব্যাংকটি বাংলাদেশের ঐতিহ্যবাহী পুরনো ব্যাংক হলেও সে হিসাব খুলেছে নতুন প্রজন্মের একটি ব্যাংকে। তার ব্যাংকটি ২৪ ঘণ্টা ব্যাংকিং সেবা প্রদান করে। প্রিতম তার বাবাকে ব্যাংক পরিবর্তনের কথা বলে। বাবা বললেন, দীর্ঘদিন ধরে তিনি এ ব্যাংকে লেনদেন করছেন। ব্যাংকটি সরকারি এবং অভিজ্ঞতাও ভালো।

ক. একটি নির্দিষ্ট সময় বা মেয়াদের জন্য কোন হিসাব খোলা হয়? ১

খ. ব্যাংক কীভাবে সঞ্চয়ের প্রবণতা সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

গ. প্রিতমের ব্যাংকটি কোন ধরনের ব্যাংকিং সেবা প্রদান করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রিতমের বাবা ব্যাংকে হিসাব খোলার ক্ষেত্রে ব্যাংকের যেসব দিক বিবেচনা করেছেন তার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

১০.▶ বাংলাদেশ ব্যাংক হতে অনুমোদন নিয়ে এবং তালিকাভুক্ত হয়ে ইউনিক ব্যাংক কার্যক্রম শুরু করেছিল। সারাদেশে বর্তমানে ৪২টি শাখা রয়েছে। ব্যাংকের উদ্বোধনকালে ব্যাংকের চেয়ারম্যান শাকিব আনযুম বলেন, আমরা মক্কেলদের কাছ থেকে আমানত গ্রহণ ও ঋণ প্রদানের মাধ্যমে গ্রাহকদের অর্থের নিরাপত্তা প্রদান করার মধ্যদিয়ে মুনাফা অর্জন করবো।

ক. আমানত গ্রহণ কী? ১

খ. বাণিজ্যিক ব্যাংককে মুনাফাভিত্তিক প্রতিষ্ঠান বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. ইউনিক ব্যাংক যে ধরনের ব্যাংকিং ব্যবস্থা চালু করেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. ইউনিক ব্যাংকের চেয়ারম্যান শাকিব আনযুমের উক্তিটির মধ্যদিয়ে ইউনিক ব্যাংকের চূড়ান্ত উদ্দেশ্যটি বিশ্লেষণ করো। ৪

১১.▶ শোয়েব কাদেরী 'X' ব্যাংকের একজন ভিআইপি মর্যাদার গ্রাহক। এজন্য সে তার বৈদেশিক বাণিজ্যের যাবতীয় কাজও দেনা পরিশোধ, পাওনা আদায় ইত্যাদি শুধুমাত্র এ ব্যাংকের মাধ্যমেই করে থাকেন। তবে সম্প্রতি 'X' ব্যাংকটি শোয়েব কাদেরীর সাথে সম্পর্কের পরিসমাপ্তি করেছে। কারণ বেশ কয়েকটি মিডিয়ায় কাদেরীর বিরুদ্ধে বিদেশি অবৈধ পণ্য আনার অভিযোগ তুলেছে এবং এ ব্যাপারে সরকার মামলার প্রস্তুতিও নিচ্ছে।

ক. গ্রাহকের সম্পত্তির বিপরীতে ব্যাংক কী ধরনের ঋণ দেয়? ১

খ. হিসাবের গোপনীয়তা বলতে কী বোঝ? ২

গ. বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে 'X' ব্যাংকের সাথে শোয়েব কাদেরীর সম্পর্কটি কী ছিল? বর্ণনা করো। ৩

ঘ. ব্যাংকের সাথে শোয়েব কাদেরীর সম্পর্কের পরিসমাপ্তির কারণটি বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০

# বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৫ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কোন ধরনের বিনিয়োগে ঝুঁকি সবচেয়ে কম?**
ক) সাধারণ শেয়ার
খ) বন্ড
গ) অগ্রাধিকার শেয়ার
ঘ) ডিবেঞ্চার

**২. বন্ড ও ডিবেঞ্চারের মধ্যে প্রধান পার্থক্য কী?**
ক) সুদের হার খ) নিয়ন্ত্রণ
গ) জামানত ঘ) সময়

**৩. জনগণের অর্থ সংগ্রহের মাধ্যমে ব্যাংক কী সৃষ্টি করে?**
ক) আমানত খ) ঋণ
গ) সম্পদ ঘ) ব্যয়

**৪. ব্যাংকের প্রধান কাজ কী?**
ক) সুদ প্রাপ্তি
খ) ঋণ সৃষ্টি করা
গ) সঞ্চয় বৃদ্ধি করা
ঘ) তারল্য সৃষ্টি করা

**৫. ব্যাংক সুদ দেয় না কোন আমানতের উপর?**
ক) স্থায়ী আমানতের
খ) সঞ্চয়ী আমানতের
গ) চলতি আমানতের
ঘ) মেয়াদি আমানতের

**৬. ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতি কয়টি?**
ক) ১৫টি খ) ১৭টি
গ) ১৯টি ঘ) ২১টি

**৭. দুই বা ততোধিক ব্যাংক মিলে কিসের সৃষ্টি হয়?**
ক) গ্রুপ ব্যাংকের খ) চেইন ব্যাংকের
গ) শাখা ব্যাংকের ঘ) বাণিজ্যিক ব্যাংকের

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**

যমুনা ব্যাংক লি. কেন্দ্রিয় ব্যাংকের অধিনস্থ একটি ব্যাংক। এটি জনগণের আসল অর্থ আমানত হিসেবে গ্রহণ করে এবং অধিক সুদের হারে ঋণ দেয়। ব্যাংকটি সুনাম বৃদ্ধির মাধ্যমে স্থায়িভাবে টিকে থাকতে চায়।

**৮. যমুনা ব্যাংকের প্রধান উদ্দেশ্য কোনটি?**
ক) আমানত রাখা
খ) ঋণ নেয়া
গ) সুদ গ্রহণ
ঘ) মুনাফা অর্জন

**৯. যমুনা ব্যাংক লি. এর সুনাম বৃদ্ধিতে প্রয়োজন—**
i. নতুন নতুন শাখা প্রতিষ্ঠা
ii. দক্ষতার উন্নয়ন
iii. সর্বোচ্চ গ্রাহক সেবা প্রদান

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. প্রত্যয়পত্র ইস্যু করে কে?**
ক) রপ্তানিকারক
খ) আমাদানিকারক
গ) রপ্তানিকারক ব্যাংক
ঘ) আমদানিকারক ব্যাংক

**১১. মক্কেলের প্রতিনিধি হিসাবে ব্যাংক কোন কাজটি করে থাকে?**
ক) দেনা-পাওনা নিষ্পত্তি
খ) সম্পত্তি সংরক্ষণ
গ) ডিপোজিট গ্রহণ
ঘ) ঋণ প্রদান

**১২. কোন চেক অধিক নিরাপদ?**
ক) বাহক খ) দাগ কাটা
গ) হুকুম ঘ) অনুমোদন প্রাপ্ত

**১৩. কোন ধরনের চেক হস্তান্তরযোগ্য?**
ক) হুকুম চেক খ) বাসি চেক
গ) বাহক চেক ঘ) ফাঁকা চেক

**১৪. তারল্য ঘাটতি হওয়ার কারণ কী?**
ক) বেশি বিনিয়োগ খ) কম বিনিয়োগ
গ) বেশি উৎপাদন ঘ) কম উৎপাদন

**১৫. বড় ব্যবসায় প্রতিষ্ঠান কীভাবে ব্যবসায়ের অর্থসংস্থান করে?**
ক) ঋণপত্র বিতরণ করে
খ) পণ্য বিক্রয় করে
গ) নিজস্ব তহবিল হতে
ঘ) স্বল্পমেয়াদি ঋণ গ্রহণ করে

**১৬. কোনটি মধ্যমেয়াদি তহবিলের উৎস?**
ক) ঋণ
খ) ঋণপত্র
গ) লিজিং
ঘ) বেসরকারি প্রতিষ্ঠান

**১৭. লভ্যাংশ সমতাকরণ তহবিল মূলত—**
i. নিট লভ্যাংশের অংশ
ii. এক ধরনের সঞ্চিতি
iii. প্রতিষ্ঠানের সম্পদ

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

http://teachingbd.com

১৮. কোন ক্ষেত্রে সুদাসল সবচেয়ে বেশী?
ক সরল সুদ
খ চক্রবৃদ্ধি পদ্ধতি
গ বাট্টাকরণ পদ্ধতি
ঘ সুযোগ ব্যয়

১৯. প্রতিটি বিনিয়োগের সাথে জড়িত থাকে কোনটি?
ক মোট ব্যয়   খ মূখ্য ব্যয়
গ সুযোগ ব্যয়   ঘ উৎপাদন ব্যয়

**উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. জামিল সঞ্চয় সুযোগ সম্পর্কে অনুসন্ধান চালিয়ে দেখলেন যে একটি আর্থিক প্রতিষ্ঠানা ত্রৈমাসিক ভিত্তিতে শতকরা ১০ টাকা চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে। এতে আকৃষ্ট হয়ে তিনি ১০,০০০ টাকা ২ বছরের জন্য জমা রাখেন।

২০. মি. জামিলের ২ বছর পর জমাকৃত অর্থের পরিমাণ কত হবে?
ক ১১,২১১ টাকা
খ ১১,৮০২ টাকা
গ ১২,০০২ টাকা
ঘ ১২,১৮৪ টাকা

২১. যদি প্রতিষ্ঠানটি মাসিক ভিত্তিতে ১২% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদান করে তাহলে ৫ বছর পর জমাকৃত অর্থের পরিমাণ কত হবে?
ক ১৬,৫৬০ টাকা
খ ১৭,২০৭ টাকা
গ ১৮,১৬৭ টাকা
ঘ ১৯,৮২১ টাকা

২২. ঝুঁকি বেশী হলে মুনাফা কীরুপ হয়?
ক কম হয়
খ বেশী হয়
গ সমান হয়
ঘ মুনাফা হয় না

২৩. সুদের হারের পরিবর্তনের সাথে সাথে কোনটির মূল্য ওঠা-নামা করে?
ক পণ্যদ্রব্যের
খ শেয়ারের
গ বন্ডের
ঘ অর্থের

২৪. তারল্য ঝুঁকির সম্মুখিন হতে হয়—
i. শেয়ার হোল্ডারকে
ii. বন্ড হোল্ডারকে
iii. ডিবেঞ্চার হোল্ডারকে

নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

২৫. গড় মুনাফার হার পদ্ধতিতে নগদ প্রবাহের পরিবর্তে বিবেচনা করা হয় কোনটি?
ক প্রকৃত সুদের হার
খ বাট্টা হার
গ প্রত্যাশিত নিট মুনাফা
ঘ গড় মূলধন ব্যয়

২৬. কোন প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের সাথে জড়িত প্রক্রিয়াকে কী বলে?
ক অর্থায়ন পদ্ধতি
খ মূলধন কাঠামো
গ অর্থের সময়মূল্য
ঘ মূলধন বাজেটিং

২৭. প্রতিটি প্রতিষ্ঠানে কোন ধরনের নীতি থাকে?
ক শেয়ার নীতি
খ বন্ড নীতি
গ ঋণপত্রনীতি
ঘ কাম্যঋণ নীতি

২৮. মূলধন ব্যয় র্নিয়ের পদ্ধতি কীসের ওপর ভিত্তি করে উদ্ভাবন করা হয়?
ক সুদ   খ অনুমান
গ লভ্যাংশ   ঘ মুনাফা

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**

S.T.M. কোম্পানি লি. সম্প্রতি একটি ১২ শতাংশ অগ্রাধিকার শেয়ার ইস্যু করেছে। এর লিখিত মূল্য ১,০০০ টাকা।

২৯. S.T.M. কোম্পানি লি.-এর অগ্রাধিকার শেয়ার খরচ কত হবে যদি ইস্যু মূল্য ৯৭৫ টাকা হয়?
ক ১১.৬৫%
খ ১২.৩১%
গ ১৩.২০%
ঘ ১৪.৫৫%

৩০. শেয়ার বিক্রয়জনিত খরচ ১৫ টাকা হলে S.T.M. কোম্পানি লি.-এর অগ্রাধিকার শেয়ার খরচ কত হবে?
ক ১২.২০%
খ ১২.৫০%
গ ১২.৮৩%
ঘ ১২.৯০%

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | গ | ৫ | গ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | খ |

http://teachingbd.com